গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
www.bnfe.gov.bd

স্মারক নং ৩৮.০০.০০০০.৪০০.২৫.১২২.২০২০ (অংশ-১)-৩৭২

তারিখ ২৪ শ্রাবণ ১৪২৯ / ৮ আগস্ট ২০২২

বিষয়: উপজেলা ভিত্তিক ১২ দিনব্যাপী শিক্ষক ও সুপারভাইজারদের বুনিয়াদি প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি'র সাব-কম্পোনেন্ট ২.৫ "আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম" বাস্তবায়ন সহায়ক সংস্থাসমূহ (ISA) মাঠ পর্যায়ে বাস্তবায়ন করছে। এসএ কর্তৃক প্রশিক্ষক প্রশিক্ষণ (TOT) কার্যক্রম শেষ হয়েছে। ইতোমধ্যে ISA এর এ সকল মাস্টার টেইনার স্থানীয় পর্যায়ে কিছু কিছু উপজেলা/সিটি কর্পোরেশন/পৌরসভায় শিক্ষক ও সুপারভাইজারদের ১২ দিনের বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন করেছে। আরও উপজেলা, সিটি কর্পোরেশন ও পৌরসভায় প্রশিক্ষণ বাকী রয়েছে। এ সকল উপজেলা/সিটি কর্পোরেশন/পৌরসভায় শিক্ষক ও সুপারভাইজারদের ১২ দিনের বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন করা জরুরি।

এমতাবস্থায় সংশ্লিষ্ট বাস্তবায়ন সহায়ক সংস্থাকে জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালকের সাথে সমন্বয় ও আলোচনাক্রমে আগামী ১৬ আগস্ট ২০২২ তারিখের মধ্যে শিক্ষক ও সুপারভাইজারদের ১২ দিনের বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮/০৮/২০২২

(মোহাম্মদ খালেদ)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা

নির্বাহী পরিচালক/সভাপতি
..... বাস্তবায়ন সহায়ক সংস্থা (ISA)

সদয় জ্ঞাতার্থে:
১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (পরি., মনি. ও প্রশি.) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট (তাঁকে পত্রটি উশিব্যু'র ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৪. সহকারী পরিচালক (সকল জেলা), তাঁকে ISA'র সাথে সমন্বয় করে এবং প্রশিক্ষণের বাজেট/চাহিদা পত্র প্রেরণ পূর্বক প্রশিক্ষণ শুরু করত: অত্র অফিসকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৫. এসএ কো-অর্ডিনেটর, আইইআর, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. উপপরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৭. সহকারী পরিচালক (অর্থ, প্রশিক্ষণ, বাস্তবায়ন, মনিটরিং, পরিকল্পনা, প্রশাসন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৮. নির্বাহী পরিচালক/ সভাপতি ....., ... জেলা।
৯. অফিস কপি।